

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(সংস্থাপন শাখা)
চট্টগ্রাম
www.chittagong.gov.bd

নং-০৫০.১৫০০.২০৩.২৮.০০৭.২০১৫-২২১

তারিখ : ১১/০২/২০১৫ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ জানুয়ারি ২০১৫ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৬.১৩-১৬ নং স্মারকে প্রাপ্ত জনবল নিয়োগের ছাড়পত্রের আলোকে জেলা প্রশাসক, চট্টগ্রাম এর কার্যালয়ে ৩য় শ্রেণির শূণ্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০০৯	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
১	লাইব্রেরিয়ান	০১(এক)টি	৫৫০০-৩৬০-৭৯১৫-ইবি- ৩৮০-১২০৯৫/-	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরি বিজ্ঞানে স্নাতক ডিগ্রি/স্নাতক ডিগ্রিসহ লাইব্রেরি বিজ্ঞানে ডিপ্লোমা
২	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর	০৪(চার)টি	৫৫০০-৩৬০-৭৯১৫-ইবি- ৩৮০-১২০৯৫/-	এইচএসসি বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ। শর্টহ্যান্ডে প্রতিমিনিটে গতি বাংলায় ৫০ ইংরেজিতে ৮০ শব্দ এবং কম্পিউটার টাইপে প্রতিমিনিটে বাংলায় ৩০ এবং ইংরেজিতে ৪৫ শব্দের গতি সম্পন্ন হতে হবে।
৩	সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	০৪(চার)টি	৫২০০-৩২০-৭৪৪০-ইবি- ৩৪৫-১১২৩৫/-	এইচএসসি বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ। শর্টহ্যান্ডে প্রতিমিনিটে গতি বাংলায় ৫০ ইংরেজিতে ৮০ শব্দ এবং কম্পিউটার টাইপে প্রতিমিনিটে বাংলায় ৩০ এবং ইংরেজিতে ৪৫ শব্দের গতি সম্পন্ন হতে হবে।

শর্তাবলী

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর নাম/ পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম ও বর্ণ, জন্ম তারিখ, বয়স (বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে) ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে এবং শিক্ষাগত যোগ্যতার বিবরণ উল্লেখপূর্বক আবেদন করতে হবে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/১২/২০১৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১(২০০) নং স্মারকে জারীকৃত পরিপত্রের আলোকে আবেদন করতে হবে)
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
 - পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
 - নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত জাতীয় পরিচয়পত্র;
 - শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্রের সত্যায়িত কপি;
 - সদ্যতোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত কপি;
 - ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও
 - ছবি এবং সকল সনদপত্রের কপি সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামের সীল থাকতে হবে।
- প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে সেক্ষেত্রে পিতা/মাতার মুক্তিযোদ্ধা হিসেবে সনদপত্রের অনুলিপি (মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর স্বাক্ষর ও মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র) দাখিল করতে হবে।
- কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৮

চলমান পৃষ্ঠা ২

৭. চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
৮. জেলা প্রশাসক, চট্টগ্রাম এর বরাবর সরাসরি/ডাকযোগে আগামী ০১/০৩/২০১৫ খ্রি. হতে ৩১/০৩/২০১৫ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৯. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহের পরীক্ষা ফি বাবদ বাংলাদেশের অনুমোদিত যে কোন তফসীলী ব্যাংকে হতে জেলা প্রশাসক, চট্টগ্রাম এর অনুকূলে ১৫০(একশত পঞ্চাশ) টাকার পে অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।
১০. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
১১. প্রার্থীর নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১২. নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত যাবতীয় তথ্য এ কার্যালয়ের ওয়েব সাইটে (www.chittagong.gov.bd) পাওয়া যাবে।

মেজবাহ উদ্দিন
জেলা প্রশাসক
চট্টগ্রাম

ফোন: ০৩১-৬১৯৯৯৬, ফ্যাক্স: ০৩১-৬৩৫২৭২
ই-মেইল: dcchittagong@mopa.gov.bd

নং- ০৫.৪২.১৫০০.২০৩.২৮.০০৭.২০১৫-১১২

তারিখ : ১১/০২/২০১৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
৩. পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম
৪. জেলা প্রশাসক.....(সকল), চট্টগ্রাম বিভাগ
৫. পুলিশ সুপার, চট্টগ্রাম
৬. সিভিল সার্জন, চট্টগ্রাম
৭. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম
৮. জেলা তথ্য অফিসার, চট্টগ্রাম
৯. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক
১০. নোটিশ বোর্ড
১১. অফিস কপি

মেজবাহ উদ্দিন
জেলা প্রশাসক
চট্টগ্রাম